গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৩০.২৯.০২৮.১৬ (অংশ-১) - ৯১০

তারিখ: ০৪ চৈত্র ১৪২৭ / ১৮ মার্চ ২০২১

বিষয়: **কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন টিমের গত ১৪ মার্চ, ২০২১ তারিখের ৫ম সভার কার্যবিবরণীটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

(ওয়াহিদা হামিদ)
উপসচিব
ফোন : ৯১৮০৭০৭
E-mail: wahida.hamid@imed.gov.bd

বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মোঃ সাইফুল ইসলাম, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।
২। জনাব ওয়াহিদা হামিদ, উপসচিব, সমন্বয় এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।
৩। জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪। জনাব মোঃ আব্দুল্লাহ আল-মামুন, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫। জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমন্বয় এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।
৬। জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।
৭। জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, ঢাকা। (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)
৩। অফিস কপি।

F:\Nayan Office Doc\NOMINATION\Focal Point\Focal Point Forwarding.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৩.২৯.০২৮.১৬-

তারিখ: ০২ চৈত্র ১৪২৭
১৬ মার্চ ২০২১

ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব
সভার স্থান	:	আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ	:	১৪ মার্চ ২০২১
সময়	:	বিকাল ৩:০০ টায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/ কর্মকর্তাগণের নামের তালিকা: সংযোজনী 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে আইএমই বিভাগে নব যোগদানকৃত কর্মকর্তাদের মাঝে 'পরিবীক্ষণ টুল বক্স' প্রদান করে আশাব্যক্ত করেন যে, এটি তাদের পরিদর্শন কাজকে সহজ করে দিবে। সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বলেন ৪র্থ সভার প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনায় দুই দিনের তিনটি ব্যাচের কথা উল্লেখ করা হয়েছিল কিন্তু বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী তা দুইটি ব্যাচে অনুষ্ঠিত হবার লক্ষ্য নির্ধারণ করা আছে যা সংশোধন করা প্রয়োজন। সভায় নিম্নবর্ণিত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

০২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। প্রশিক্ষণ: সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য (৪.৩) দুই দিনের প্রশিক্ষণের দুইটি ব্যাচ মার্চ/২০২১ মাসে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে আলোচনা হয়।	উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী তিনটির পরিবর্তে দুইটি ব্যাচে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। আগামী ৩০-৩১ মার্চ ২০২১ প্রথম ব্যাচে এবং ৫-৬ এপ্রিল ২০২১ তারিখে ২য় ব্যাচে (প্রতি ব্যাচে ২০ জন কর্মকর্তাসহ মোট ৪০ জন কর্মকর্তাকে) সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।	সদস্য সচিব ইনোভেশন টিম
২। উদ্ভাবনী উদ্যোগের উপর প্রকাশনা প্রকাশ: সভাপতি সকল ইনোভেশন আইডিয়া নিয়ে একটি প্রকাশনা করার গুরুত্ব তুলে ধরেন যা এই বিভাগের এপিএ-এর জন্য একটি গুরুত্বপূর্ণ দলিল হিসেবে কাজ করবে বলে তিনি উল্লেখ করেন। সদ্য সচিব সভাকে জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১ অনুযায়ী বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি প্রকাশনা (ক্রমিক নং ১৪) ২০.০৫.২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করা গেলে অসাধারণ হিসেবে বিবেচিত হবে।	সকল ইনোভেশন আইডিয়া নিয়ে একটি প্রকাশনা করতে হবে এবং এই বিষয়ে একটি ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে। কমিটি ২৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে প্রকাশনার একটি খসড়া সভাপতির নিকট উপস্থাপন করবে।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ
৩। ডিজিটাল সেবা বাস্তবায়ন: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করতে হবে (ক্রমিক নং ১১ এ বর্ণিত)। ইতোমধ্যে সেন্ট্রাল	বিষয়টি ওয়েবসাইটে ইনোভেশন কর্ণারে প্রকাশ করতে হবে।	জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার ও

M:\Wahida Madam\Inovation minutes 14.03.2021.docx

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) হতে সরকারি ক্রয় কাজে অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এতদসংক্রান্ত তথ্যাদি জনসাধারণকে অবহিত করার নিমিত্ত 'সরকারি ক্রয় বাতায়ন' শিরোনামের একটি সিটিজেন পোর্টাল (www.citizen.cptu.gov.bd) প্রস্তুতপূর্বক তা অবগতির জন্য উন্মুক্ত করা হয়েছে। সদস্য সচিব জানান, এ বিভাগের উদ্ভাবনের ২০২০-২০২১ কর্মপরিকল্পনা অনুযায়ী ডিজিটাল সেবা বাস্তবায়ন ১৫/০২/২০২১ এর মধ্যে করা হলে অসাধারণ বলে বিবেচিত হবে। "সরকারি ক্রয় বাস্তবায়ন" (Citizen Portal) আগস্ট ২০২০ সময়ে চালু হয়েছে। সম্প্রতি সচিব মহোদয় সিটিজেন পোর্টালকে জনসমক্ষে তুলে ধরার জন্য অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আধা সরকারি পত্র প্রেরণ করেছেন।		সদস্য ইনোভেশন টিম
৪। বাস্তবায়িত উদ্ভাবন ধারণার মূল্যায়ন: বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিবীক্ষণ টুল বক্স-এর উপর Feedback নেওয়ার জন্য ০৭.০২.২০২১ তারিখে প্রশ্নমালা বিতরণ করা হয়েছে এবং কিছু Feedback পাওয়া গেছে বলে সদস্য সচিব সভায় অবহিত করেন। বিগত সভায় ডিজিটাল সেবা LAN System পুনরায় কার্যকর করার সিদ্ধান্ত গৃহিত হয়। কিন্তু সার্ভারের সমস্যা ও কিছু ব্লকে LAN Line কার্যকর না থাকায় ইতঃপূর্বে বাস্তবায়িত ডিজিটাল সেবা Smart desk and easy documentation কার্যকর করা সম্ভব হয়নি।	প্রাপ্ত Feedback নিয়ে মূল্যায়িত পাইলটিং বাস্তবায়নের প্রতিবেদন প্রস্তুত করতে হবে। সার্ভারের সমস্যা দূর হলে এবং LAN line কার্যকর হলে পুনরায় ডিজিটাল সেবাটি চালু করা হবে।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ
৫। বিবিধ: সভাপতি বলেন, ইনোভেশন কোন রুটিন কাজ নয়, সকলকে Out of Box চিন্তা করতে হবে। আইএমইডি বিভাগে চলমান প্রকল্প পরিবীক্ষণ কাজটিকে গতানুগতিক পদ্ধতির পাশাপাশি কিভাবে ডিজিটালাইজড করা যায় তা ভাবতে হবে। এমন কিছু আমাদের চিন্তা করতে হবে যাতে আমরা প্রযুক্তিগত সকল সুবিধাকে কাজে লাগিয়ে পরিবীক্ষণ কাজকে ভিন্ন মাত্রায় নিয়ে যেতে পারি। যেমন: এই বিভাগের একটি ইউটিউব চ্যানেল থাকতে পারে যেখানে সকল প্রকল্প হতে প্রাপ্তব্য প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির ১/মিনিটের ভিডিও ক্লিপ/ডকুমেন্টারি আপলোড করা হবে। সংশ্লিষ্ট সকলে যেন আইএমইডি'র ওয়েবসাইটের লিঙ্ক থেকে উক্ত ভিডিও দেখতে পারেন এবং প্রকল্প বাস্তবায়নের বাস্তব অবস্থান উপলব্ধি করতে পারে। এই বিষয় নিয়ে কাজ করার উপর ইনোভেশন টিমকে তিনি অনুরোধ করেন।	আইএমইডি'র একটি ইউটিউব চ্যানেল খোলা এবং উক্ত চ্যানেলটির লিঙ্ক আইএমইডি'র ওয়েবসাইটে সংযুক্ত করার বিষয়ে সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করে বিষয়টি দ্রুত বাস্তবায়নে কার্যকরি পদক্ষেপ নিতে হবে।	সদস্য সচিব ও জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার ও সদস্য ইনোভেশন টিম
৬। আগামী সভা মে ২০২১ মাসে অনুষ্ঠিত হতে পারে মর্মে আলোচনা হয়।	পরবর্তীতে সভার তারিখ সকলকে অবহিত করা হবে।	সদস্য সচিব ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫.০৩.২০২১

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার